



তথ্যবিবরণী

নম্বর- ১৬৯

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ক্যাম্পাস সংবাদদাতাদের সাথে গণমাধ্যম সংস্কার কমিশনের মতবিনিময় সভা

রাজশাহী; ০৭ মাঘ (২১ জানুয়ারি):

গণমাধ্যম সংস্কার কমিশন প্রধান কামাল আহমেদ ও অন্যান্য সদস্যরা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক এবং ঐ বিভাগের শিক্ষার্থী ও ক্যাম্পাস সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন। আজ (২১ জানুয়ারি) দুপুরে রাজশাহী সার্কিট হাউজ মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মতবিনিময় সভায় কমিশন প্রধান কামাল আহমেদ বলেন, আমরা অংশীজনদের মতামত গ্রহণ করছি। সবচেয়ে বড় অংশীজন হচ্ছে গণমাধ্যমের পাঠক-দর্শক-শ্রোতা তথা ভোক্তা। ঢাকাতে পেশাজীবীদের সাথে মতবিনিময় করেছি। ঢাকার বাইরে আপনাদের (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থী) সাথে বসেছি। আপনারা সাংবাদিকতা শেখাচ্ছেন কিন্তু শিক্ষার্থীরা এ খাতে আগ্রহ দেখাচ্ছেনা বা টিকে থাকছে না। তিনি এ থেকে পরিত্রাণের জন্য শিক্ষক-শিক্ষার্থীদের পরামর্শ আহ্বান করেন।

শিক্ষার্থীদের পক্ষ থেকে জানানো হয়, শিক্ষকরা তাদের বস্তুনিষ্ঠ হতে শেখান কিন্তু তারা দেখেন কোনো কোনো মিডিয়া হাউজ তাদের নিয়োগ দিয়ে কোনো বেতন দেয় না। তারা এমন ভাব করে যেন নিয়োগ দিয়েই করুণা করেছে। কখনও কখনও ক্যাম্পাস সংবাদদাতাদের ওপর এমন চাপ দেওয়া হয় যে, তাদের অনেক সময় পরীক্ষার ফলাফল খারাপ হয়।

শিক্ষক প্রতিনিধিরা জানান, বাংলাদেশের জনসংখ্যা অধিক হলেও অর্থনীতির আকার কিন্তু বড় নয়। আমাদের এতগুলো মিডিয়া প্রয়োজন আছে কিনা তা ভেবে দেখতে হবে। যে মিডিয়া সাংবাদিকদের বেতন দিতে পারে না সে মিডিয়া থাকার দরকার নেই।

এ সময় শিক্ষকবৃন্দ আন্তর্জাতিক গণমাধ্যমের মতো আমাদের মিডিয়া হাউজগুলোর গাইডলাইন থাকা প্রয়োজন বলে মতামত ব্যক্ত করেন।

.....  
তৌহিদ/আতিক/আলীম/সাইদুর/২০২৫/১৮:০০ ঘ.